



তথ্যবিবরণী

নম্বর-০৪০

পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী উপলক্ষ্যে আরএমপি'র নিষেধাজ্ঞা

রাজশাহী; ৩১ ভাদ্র (১৫ সেপ্টেম্বর):

আগামী সোমবার ১২ রবিউল আউয়াল (১৬ সেপ্টেম্বর) পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী। সারা দেশের ন্যায় রাজশাহী মহানগরীতে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী উপলক্ষ্যে জুশনে জুলুশ (শোভাযাত্রা), মিলাদ, ওয়াজ মাহফিল ও ধর্মীয় সভাসহ বিভিন্ন ধরনের অনুষ্ঠানের মধ্য দিয়ে উদ্‌যাপিত হবে। পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী উদ্‌যাপন উপলক্ষ্যে মহানগর এলাকার শান্তি-শৃঙ্খলা রক্ষার নিমিত্তে এবং নির্বিঘ্নে চলাচল নিশ্চিত করতে এক আদেশে নিষেধাজ্ঞা আরোপ করেছে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ (আরএমপি)।

আদেশে, পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী উপলক্ষ্যে ওই দিন রাজশাহী মহানগর এলাকায় আতশবাজি, পটকা ফুটানোসহ অন্যান্য ক্ষতিকারকদ্রব্য ব্যবহার, অস্ত্র-শস্ত্র, তলোয়ার, বর্শা, বন্দুক, ছোরা, লাঠি বা বিস্ফোরকদ্রব্য বহন ও ব্যবহার এবং উচ্চস্বরে মাইক বাজানো নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

আইন অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে আদেশে উল্লেখ করা হয়।

.....
তৌহিদ/আতিক/রুহুল/হালিম/২০২৪/১০.৩০ঘ.